

ক্যানাবিসের (গাঁজার) তথ্য



NYC Criminal
Justice

May 2021

বহু বছরের সমর্থনের পর, নিউ ইয়র্ক স্টেট ম্যারিহুয়ানা রেগুলেশন অ্যান্ড ট্যাক্সেশন অ্যাক্ট (MRTA) এর মাধ্যমে নিউ ইয়র্কে ক্যানাবিসকে বৈধ করা হয়েছে। MRTA-তে ক্যানাবিস সংক্রান্ত নির্দিষ্ট কিছু দণ্ডকে আটক, বাতিল ও প্রত্যাহারও করা হয়েছে।

বিশেষ কিছু পরিস্থিতিতে, 21 বছর ও তার বেশি বয়সের ব্যক্তির এখন নিউ ইয়র্কে আইনসম্মতভাবে ক্যানাবিস রাখতে, সেবন করতে ও দিতে পারবেন:

- 3 আউন্স পর্যন্ত শুকনো ক্যানাবিস অথবা 24 গ্রাম পর্যন্ত ঘনীভূত ক্যানাবিস রাখতে পারবেন
- ধূমপান সহ ক্যানাবিস সেবন করতে পারবেন-কেবল যেখানে ধূমপানের অনুমতি নেই সেখানে ছাড়া
- কোনও অর্থ না নিয়ে 21 বছরের বেশি বয়সী যে কোনও ব্যক্তিকে 3 আউন্স পর্যন্ত ক্যানাবিস দিতে পারবেন

এখনও কিছু বিধিনিষেধ থাকবে:

- যুক্তরাষ্ট্রীয় সম্পত্তিতে (যেমন, সামরিক ঘাঁটি) ক্যানাবিস রাখা বা সেবন করা এখনও বেআইনি
- সিটির এবং / অথবা স্টেটের আইনে ধূমপানের অনুমতি না থাকা স্থানে ক্যানাবিস ধূমপান করার অনুমতি নেই
- 21 বছরের কম বয়সে ক্যানাবিস রাখা বা সেবন করা বেআইনি থাকছে এবং এর ফলে \$50 সিভিল টিকিট পেতে পারেন
- গাড়ি চালানোর সময় ক্যানাবিস ধূমপান করা এবং / অথবা ক্যানাবিসের প্রভাবে থাকা অবস্থায় গাড়ি চালানো বেআইনি থাকছে

ক্যানাবিসের (গাঁজার) তথ্য

ক্যানাবিস পরিচালনার একটি নতুন দপ্তর নিউ ইয়র্কে আইনসম্মত ক্যানাবিস উৎপাদন ও বিক্রির নিয়মাবলী তৈরি করবে। নিয়মাবলী চূড়ান্ত হয়ে গেলে লাইসেন্সধারী ব্যবসাগুলি আইনসম্মতভাবে ক্যানাবিস উৎপাদন ও বিক্রি করতে পারবে। ততদিন পর্যন্ত যে কোনও পরিমাণ ক্যানাবিস বিক্রি বেআইনি, তবে তা আরও কম শাস্তি সাপেক্ষ। উদাহরণস্বরূপ, 16 আউন্স পর্যন্ত শুকনো ক্যানাবিস বিক্রি এখন একটি অপকর্ম, এর বিপরীতে যা পুরোনো আইনে একটি গুরুতর অপরাধ ছিল। 18 বছরের কমবয়সী কাউকে জেনেশুনে ক্যানাবিস বিক্রি এখনও একটি গুরুতর অপরাধ।

আপনি যদি...

আপনি যা ভোগ করতে পারেন

3 আউন্স পর্যন্ত ক্যানাবিস বিক্রয়	একটি ফৌজদারি লঙ্ঘনের দণ্ডদেশ; \$250 পর্যন্ত জরিমানা
3 আউন্সের বেশি 16 আউন্স পর্যন্ত ক্যানাবিস বিক্রয়	একটি অপকর্মের দণ্ডদেশ; তিনমাস পর্যন্ত কারাদণ্ড
16 আউন্সের বেশি 5 পাউন্ড পর্যন্ত বিক্রয়	গুরুতর অপরাধের দণ্ডদেশ; চার বছর পর্যন্ত কারাদণ্ড
5 পাউন্ডের বেশি 100 পাউন্ড পর্যন্ত বিক্রয়	গুরুতর অপরাধের দণ্ডদেশ; সাত বছর পর্যন্ত কারাদণ্ড
100 পাউন্ডের বেশি বিক্রয়	গুরুতর অপরাধের দণ্ডদেশ; পনেরো বছর পর্যন্ত কারাদণ্ড
18 বছরের কমবয়সী কাউকে যে কোনও পরিমাণ ক্যানাবিস বিক্রি	গুরুতর অপরাধের দণ্ডদেশ; চার বছর পর্যন্ত কারাদণ্ড

ক্যানাবিস সংক্রান্ত বিদ্যমান দণ্ডদেশসমূহ:

ক্যানাবিস কাছে রাখার কারণে দণ্ডপ্রাপ্ত নিউ ইয়র্কবাসী ও কিছু ক্যানাবিস বিক্রয়ের অপরাধের দণ্ড স্বয়ংক্রিয়ভাবে NYS অফিস অফ কোর্ট অ্যাডমিনিস্ট্রেশনের দ্বারা আটক, বাতিল ও প্রত্যাহার হয়ে যাবে।

অভিবাসী নিউ ইয়র্কবাসী

ক্যানাবিস ব্যবহারের কারণে অভিবাসন প্রক্রিয়ার উপর এখনো প্রভাব পড়তে পারে, বিশেষ করে যদি কারো ক্যানাবিস সংক্রান্ত পূর্ব দণ্ডদেশ থেকে থাকে। এই আইনটি আপনার অভিবাসন প্রক্রিয়াকে কিভাবে প্রভাবিত করবে সে সম্পর্কে আরো জানতে হলে আপনার আইনজীবীর সাথে কথা বলুন অথবা বিনামূল্যে, গোপনে ও নিরাপদে অভিবাসন সংক্রান্ত আইনি সহায়তার জন্য **ActionNYC- কে কল করুন (1-800-354-0365** নম্বরে, সোমবার- শুক্রবার, সকাল 9টা - সন্ধ্যা 6টা)।

ক্যানাবিসের দায়িত্বশীল ব্যবহার ও স্বাস্থ্যের উপর এর প্রভাব

ক্যানাবিস ব্যবহারেরও কিছু স্বল্প ও দীর্ঘ-মেয়াদী পার্শ্ব-প্রতিক্রিয়া রয়েছে। [ক্যানাবিস ব্যবহারে স্বাস্থ্যের উপর প্রভাব সম্পর্কে আপনি আরো পড়তে পারেন এখানে](#)। ওষুধের ব্যবহার সংক্রান্ত কোনো সহযোগিতার প্রয়োজন হলে, কল করুন **1-888-NYC-WELL (1-888-692-9355)** নম্বরে তথ্য ও রেফারেলের জন্য **24 ঘন্টা/সপ্তাহে সাত দিন**।